তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

দৈনিক
জনকণ্ঠ

# মাতৃভাষায় শিক্ষার সুযোগ পাচ্ছে ৫ ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশু

**স্টাফ রিপোর্টার ॥** মাতৃভাষায় শিক্ষার সুযোগ পাচ্ছে দেশের পাঁচটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুরা। প্রথমবারের মতো চাকমা, মারমা, ত্রিপুরা, সাদরি ও গারো ভাষায় প্রস্তুত হচ্ছে প্রাক-প্রাথমিক পর্যায়ের শিক্ষা উপকরণ।

মঙ্গলবার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) মিলনায়তনে আয়োজিত ২০১৭ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ সংক্রান্ত মতবিনিময় সভায় এ কথা জানালেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তবে শুধু ক্ষুদ্র জাতিগোষ্ঠীর জন্যই নয়, প্রথমবারের মতো দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল বইয়েরও ব্যবস্থা করা হচ্ছে।

এ বছর বিভিন্ন স্তরের দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের দেয়া হবে নয় হাজার ৬৬টি বই।